

## লালমাটিয়া মহিলা কলেজ

লালমাটিয়া, ঢাকা-১২০৭


### বিজ্ঞপ্তি

তারিখ : ১০/০২/২০২০ খ্রি:

লালমাটিয়া মহিলা কলেজের শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীদের জানানো যাচ্ছে যে, কৃতী শিক্ষার্থী সংবর্ধনা ও নবীনবরণ অনুষ্ঠান আগামী ১৬ ফেব্রুয়ারি ২০২০ খ্রি: তারিখ রবিবার দুপুর ১.০০ ঘটিকায় কলেজ প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন মাননীয় মন্ত্রী ডা. দীপু মনি, এমপি, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মোঃ মাহবুব হোসেন, সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়। সম্মানিত অতিথি হিসেবে আরো উপস্থিত থাকবেন লালমাটিয়া মহিলা কলেজ পরিচালনা পরিষদের সম্মানিত সদস্যবৃন্দ ও কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য ও কলেজ পরিচালনা পরিষদের মাননীয় সভাপতি প্রাক্তন প্রতিমন্ত্রী অ্যাডভোকেট জাহাঙ্গীর কবির নানক।

উল্লেখ্য, আগামী ১৩/০২/২০২০ খ্রি, তারিখের এর মধ্যে কৃতী শিক্ষার্থী ও নবীনবরণ শিক্ষার্থীসহ অনুষ্ঠানে উপস্থিত থাকতে ইচ্ছুক সকল শিক্ষার্থীকে স্ব স্ব বিভাগে এসে নাম এন্ট্রি করে লাঞ্চ কুপন সংগ্রহ করতে হবে। উক্ত অনুষ্ঠানে কলেজের শিক্ষক, শিক্ষার্থী ও সংশ্লিষ্ট কৃতী ও নবীন শিক্ষার্থীদের বেলা ১১:০০ ঘটিকার মধ্যে উপস্থিত থাকার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

  
অধ্যক্ষ

লালমাটিয়া মহিলা কলেজ  
লালমাটিয়া, ঢাকা-১২০৭।